



# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbriapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২২.

৩২৬৭

তারিখঃ

২১ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৭ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে প্রথম শ্রেণীর বীমা (সকল ধরনের বীমা ঝুঁকি কভারেজসহ) নবায়নের দরপত্র বিজ্ঞপ্তি।**

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত যানবাহন সমূহের বীমা (সকল ঝুঁকি কভারেজসহ) নবায়ন করার লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত আগ্রহী বীমা প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে নিম্নবর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে সীলমোহরকৃত কোটেশন/দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	দরপত্র নং	যানবাহনের বিবরণ	যানবাহনের ধরণ	প্রতিটির ক্রয়মূল্য (টাকা)	মোট প্রিমিয়াম (টাকা)
০১	০৮/২০২২-২৩	বি বাড়িয়া -ঘ-১১-০০২৭	জীপ গাড়ী	৩৬,০৫,৫০০/-	
০২		বি বাড়িয়া -ঠ-১১-০০৬৪	পিক-আপ	২৬,২৪,০০০/-	
০৩		বি বাড়িয়া -ঠ-১১-০০৭৫	পিক-আপ	৪৯,৮৬,৬০০/-	

## শর্তাবলীঃ-

- ০১। বর্ণিত যানবাহন সমূহের প্রথম শ্রেণীর বীমা নবায়নের (ঘূর্নিঝড়, ভূমিকম্প, বন্যাসহ সকল ধরনের বীমা ঝুঁকি কভারেজ) জন্য আগ্রহী দরদাতাগণ দরপত্র আলাদা একটি খামে আগামী ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্র সমূহ ঐদিনই অর্থাৎ ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা /প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরদাতাগণকে নিজস্ব লেটার হেড প্যাডে প্রিমিয়াম উল্লেখ পূর্বক প্রথম শ্রেণীর বীমা নবায়নের ক্ষেত্রে (ঘূর্নিঝড়, ভূমিকম্প, বন্যাসহ সকল ধরনের বীমা ঝুঁকি কভারেজ সহ দর প্রস্তাব দাখিল করতে হবে। চালক ও আরোহীর বীমা ঝুঁকি প্রস্তাব করতে হবে। কোন আংশিক দরপত্র প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিবন্ধনের/ প্রমাণকের অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।
- ০৫। কম্প্রিহেনসীভ বীমার সকল ঝুঁকি গ্রহণের জন্য নিয়মানুযায়ী FIV উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- ০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট/আয়কর কর্তন করা হবে।
- ০৮। তথ্য গোপন করে আংশিক দর দাখিল করা হলে দরপত্রটি বাতিল বলে গণ্য হবে।
- ০৯। কার্যাদেশ প্রাপ্তির পর প্রতিটি যানবাহনের বিপরীতে আলাদা আলাদা সার্টিফিকেট প্রদান করতে হবে।
- ১০। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে যানবাহনের বীমার কাজ সম্পন্ন করতে হবে।
- ১১। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

Alom 07.8.22  
(মোঃ আখতার হোসেন)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ০৩। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ০৯। ডিজিএম, কসবা সদর জোনাল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ১০। মেসার্স .....
- ১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টার কপি

ইন্দ্রজিত চন্দ্র ভৌমিক  
এজিএম (প্রশাসন)